# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 17-09-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫ তম জন্মদিন উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে বিজেপি দেশ জুড়ে সেবা পাখোয়ারা পালন করছে।

২) প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ নব্য যুগ @ 2025 কর্মসূচির সূচনা করেছেন।

৩) দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপে একটি স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে মারধরের অভিযোগে শাসকদলের পঞ্চায়েত সদস্য ত্রিদিব বারুইকে গ্রেপ্তার করা হয়েছে।

৪) আসন্ন দুর্গাপুজোয় অগ্নিকান্ড রুখতে ৯৭ টি অস্থায়ী দমকল কেন্দ্র তৈরি করা হবে বলে জানিয়েছে রাজ্য সরকার ।

৫) উত্তর ২৪ পরগণার ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেসওয়ের ওপর নিষিদ্ধ চীনা মাঞ্জার ঘুড়ির সুতোর ফাঁস গলায় জড়িয়ে এক প্রাক্তন সেনা কর্মীর মৃত্যু।

৬) চিরাচরিত উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে আজ রাজ্য জুড়ে শিল্পের দেবতা বিশ্বকর্মা পুজোর আয়োজন করা হয়।

------------------------------------------------------------------------------------------------------

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫ তম জন্মদিন উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে বিজেপি দেশ জুড়ে সেবা পাখোয়ারা বা সেবা পক্ষ পালন করছে। মহাত্মা গান্ধী এবং লাল বাহাদূর শাস্ত্রীর জন্মদিন দোসরা অক্টোবর পর্যন্ত এই কর্মসূচী চলবে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, শ্রী মোদীর জন্মদিন উপলক্ষে আজ দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে প্রবীণ নাগরিকদের হাতে সহায়ক সরঞ্জাম তুলে দেন।

অন্যদিকে, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য আজ দুপুরে কলকাতায় ভারতীয় জাদুঘরে প্রধানমন্ত্রীর জীবন ও কর্মের ওপর একটি চিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন। ২১ শে সেপ্টেম্বর পর্যন্ত ৭৫ টি প্রকল্পের বিষয়ে এই প্রদর্শনী চলবে। অনুষ্ঠানে দলের রাজ্য সভাপতি অপারেশন সিন্দুরের সাফল্য, কোভিড ভ্যাকসিন সহ বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের খতিয়ান তুলে ধরে বলেন, অসম্ভবের মধ্যে সম্ভাবনার স্বপ্ন দেখাতে পারেন একমাত্র প্রধানমন্ত্রীই।

উত্তর ২৪ পরগণার বনগাঁর আর এস মাঠ এবং কাঁচরাপাড়া রেল ময়দানে নরেন্দ্র কাপ ফুটবলে টুর্নামেন্ট অনুষ্ঠানেও যোগ দেন শ্রী ভট্টাচার্য্য।

শিলিগুড়ির বিধান মার্কেটে প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে স্বচ্ছতা অভিযানে যোগ দেন বিজেপি সাংসদ রাজু বিস্ত।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জে এক বিশেষ অনুষ্ঠানে বিজেপির পক্ষ থেকে ২৩৫ জন বিশেষ ক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের হাতে যান্ত্রিক সরঞ্জাম তুলে দেওয়া হয়।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ নব্য যুগ @ 2025 কর্মসূচির সূচনা করেছেন। এর আওতায় শিল্প, সংস্কৃতি, শিল্প ও শিক্ষার প্রসার, ক্রীড়া, সমাজ সেবা সহ বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্টদের পুরস্কৃত করা হবে। এছাড়া ৩০ জন ক্যান্সার রোগীকেও রাজ্যপালের ত্রাণ তহবিল থেকে অর্থ সহায়তার পরিকল্পনা নেওয়া হয়েছে। এই উপলক্ষে কলকাতা রাজভবনে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল ১০ জন বিশিষ্ট ব্যক্তির হাতে মানপত্র ও নগদ দশ হাজার টাকা করে পুরস্কার তুলে দেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে দেশ অমৃত ভারত থেকে বিকশিত ভারতের পথে এগিয়ে চলেছে।

Byte Governor

-------------------

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, দেশমাতৃকার প্রতি তাঁর অনন্য সমর্পণ এবং তাঁর দূরদর্শী নেতৃত্ব কোটি কোটি ভারতবাসীর অনুপ্রেরণার উৎস।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেছেন, প্রধানমন্ত্রীর অক্লান্ত পরিশ্রম এবং কর্ম প্রচেষ্টা ভারতকে উন্নয়নের নতুন দিগন্তে পৌঁছে দিয়েছে।

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রীর দীর্ঘ জীবন ও সুস্থতা কামনা করেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন।

শুভ কামনা জানিয়েছেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মধ্যপ্রদেশের ধারে এক অনুষ্ঠানে স্বস্থ নারী সশক্ত পরিবার অভিযান এবং অষ্টম রাষ্ট্রীয় পুষ্টি মাসের সূচনা করেছেন। দেশের জেলা হাসপাতাল, কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র, আয়ুষ্মান আরোগ্য মন্দির এবং অন্যান্য সরকারী স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রে আগামী মাসের ২ তারিখ পর্যন্ত এই কর্মসূচী চলবে। এই কর্মসূচির অঙ্গ হিসেবে নদীয়ার কল্যাণী এইমসে এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বন্দর, জাহাজ চলাচল ও জলপথ পরিবহণ প্রতিমন্ত্রী  শান্তনু  ঠাকুর। তিনি  বলেন, এই  অভিযান একটি ঐতিহাসিক পদক্ষেপ। বড় পর্দায় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান প্রত্যক্ষ করেন কল্যাণী এইমসের আধিকারিক ও কর্মীরা।

-------------------

পণ্য পরিষেবা করের হারে পরিবর্তনের সুবিধা যাতে দেশের কৃষকরাও পান তার ব্যবস্থা করেছে সরকার। জি এস টি পরিষদের কলকাতা জোনের মুখ্য কমিশনার শ্রবণ কুমার আকাশবাণীকে বলেন, কৃষি ক্ষেত্রে জি এস টি হারের পরিবর্তনের পাশাপাশি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম কমায় কৃষকরা বিশেষভাবে উপকৃত হবেন।

বাইট

-------------------

‘সেবা পর্ব’ কর্মসূচির অধীনে আজ শুনবেন বিশেষ আলোচনা- ‘বিকশিত কৃষি বিকশিত ভারত’। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর উপাচার্য ডক্টর অশোক কুমার পাত্রের

সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-------------------

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপের বীরেন্দ্র বিদ্যানিকেতনে স্কুল চলাকালীন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে মারধরের অভিযোগে এক তৃণমূল কংগ্রেস নেতাকে পুলিশ গ্রেপ্তার করেছে। অভিযুক্ত ত্রিদিব বারুই ওই স্কুলের পরিচালন সমিতির সভাপতি এবং শাসকদলের পঞ্চায়েত সদস্য বলে জানা গেছে। আহত মিলনকান্তি পালকে কাকদ্বীপ সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়।। এই ঘটনায় সরব হয়েছে রাজনৈতিক দলগুলি।

বিজেপি নেতা সুকান্ত মজুমদার বলেছেন, তৃণমূল কংগ্রেসের আমলে রাজ্যের শিক্ষা ব্যবস্থার যে অবনতি হয়েছে, এই ঘটনা তারই নিদর্শন।

বাইট-সুকান্ত

-------------------

বীরভূমের রামপুরহাটে প্রায় ২০ দিন ধরে নিখোঁজ এক ছাত্রীর বস্তাবন্দী দেহ উদ্ধারের ঘটনায় এক স্কুল শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। বনহাট গ্রাম পঞ্চায়েতের বারোমেশিয়া গ্রামের বাসিন্দা সপ্তম শ্রেণীর ঐ ছাত্রী গত ২৮ শে আগস্ট টিউশন পড়তে বেরিয়ে নিখোঁজ হয়ে যায়। আজ সকালে উল্লাকাটা গ্রামের জঙ্গল থেকে তার বস্তা বন্দী ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ ধৃত শিক্ষক মনোজ কুমার পালই তাকে খুন করে জঙ্গলে ফেলে দিয়েছিল।

-------------------

আসন্ন দুর্গাপুজোয় অগ্নিকান্ড রুখতে রাজ্যে ৯৭টি অস্থায়ী দমকল কেন্দ্র তৈরি করা হবে বলে দপ্তরের মন্ত্রী সুজিত বসু জানিয়েছেন। তিনি বলেন, দমকল বিভাগের কাজকর্ম তুলে ধরতে কলকাতা ও শহরতলী অঞ্চলে ২৫ টি ফায়ার কিয়স্ক থাকবে। পুজোর আগেই এফএম রেডিওর মাধ্যমে সচেতনতা প্রচারে নামছে দমকল বিভাগ। আগামী শুক্রবার দমকল বিভাগের ডিজির নেতৃত্বে শহরের বড় পুজো মণ্ডপগুলিতে অগ্নি নির্বাপণ ব্যবস্থা খতিয়ে দেখা হবে।

এদিকে, পুজোর সময় ভিড়ের মধ্যে হারিয়ে যাওয়া মানুষদের সহায়তা দিতে কলকাতা পুলিশ হেল্পলাইন নম্বর চালু করছে। আগামী ২৭ তারিখ থেকে পয়লা অক্টোবর পর্যন্ত এই নম্বরগুলি চালু থাকবে।

-------------------

উত্তর ২৪ পরগণার ব্যারাকপুর – কল্যাণী এক্সপ্রেসওয়েের উপর করাতকল মোড়ে নিষিদ্ধ চিনা মাঞ্জার ঘুরির সুতোর ফাঁসে জড়িয়ে গলায় আঘাত পেয়ে প্রাক্তন এক সেনা কর্মীর মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে ব্যারাকপুরের বাসিন্দা গৌতম ঘোষ বাইকে করে নেতাজী সুভাষ চন্দ্র বসু বিমানবন্দরে নিজের কর্মস্থলে যাচ্ছিলেন। সেসময় রাস্তায় থাকা ঘুড়ির সুতো গলায় পেঁচিয়ে তিনি গুরুতর আহত হন। তৎক্ষণাৎ তাকে বন্দিপুর গ্রামীন হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন ।

-------------------

চিরাচরিত উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে আজ রাজ্য জুড়ে কল কারখানা সহ নানা প্রতিষ্ঠানে যন্ত্র তথা শিল্পের দেবতা বিশ্বকর্মা পুজোর আয়োজন করা হয়। আরাধনা চলছে। বাংলার শিল্পাঞ্চল হিসেবে খ্যাত নদীয়ার কল্যাণী, পশ্চিম বর্ধমানের দুর্গাপুর, আসানসোল সহ বিভিন্ন জায়গায় সকাল থেকেই চলে পুজার্চনা। আকাশবাণীর কলকাতার বিভিন্ন বিভাগের উদ্যোগে বিশ্বকর্মা পুজোর আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিশ্বকর্মা পুজো উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

এদিকে, ভাদ্র মাসের শেষ দিনে আজ বাংলার ঘরে ঘরে পালিত হচ্ছে 'অরন্ধন'। গতকাল এর অঙ্গ হিসেবে আয়োজন করা হয় রান্না পুজোর।

-------------------

জাতীয় পুরস্কারপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্যের ছবি 'চলো জিতে হ্যায় ' আজ ফের মুক্তি পেয়েছে। অন্যের জন্য বাঁচাই প্রকৃত বাঁচা- স্বামী বিবেকানন্দর প্রচারিত এই দর্শনের উপর ভিত্তি করে নির্মিত ছবিটি ২ অক্টোবর পর্যন্ত গোটা দেশে প্রদর্শিত হবে। কয়েক লক্ষ স্কুল ও পিভিআর, আইনক্স সহ প্রায় ৫০০টি প্রেক্ষাগৃহে সিনেমাটি দেখানো হবে। ২০১৮ সালে মুক্তি পাওয়ার পর 'চলো জিতে হ্যায় ' ছবিটি দেশজুড়ে অন্যতম সর্বাধিক প্রদর্শিত স্বল্পদৈর্ঘ্যের ছবি হিসেবে স্বীকৃতি পেয়েছিল। পুনরায় এই ছবির মুক্তিকে কেন্দ্র করে চালু হয়েছে বিশেষ উদ্যোগ— 'চলো জিতে হ্যাঁ: সেবা কা সম্মান'। এর আওতায় নিরাপত্তারক্ষী, পরিচ্ছন্নতা কর্মী, গাড়ি চালক ও ডাক কর্মীদের মতো সমাজের প্রকৃত নায়কদের সম্মানিত করা হবে। ছাত্রছাত্রীদের সঙ্গে তাঁরাও ছবিটি দেখবেন ও পরে তাঁদের সংবর্ধনা দেওয়া হবে বলে তথ্য ও সম্প্রচার দফতর সূত্রে জানানো হয়েছে।

-------------------

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়ায় আশাকর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীদের বুথ লেভেল অফিসার হিসেবে কাজে লাগানোর পরিকল্পনা নিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। রাজ্যের প্রায় ৯৫ হাজার বুথের জন্য প্রয়োজনীয় সংখ্যক বুথ লেভেল অফিসার পাওয়ার ক্ষেত্রে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সমস্যার সম্মুখীন হচ্ছে বলে সূত্রের খবর। নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে, সরকারি কর্মী, শিক্ষক, অঙ্গনওয়াড়ি বা সরকারি তহবিল থেকে বেতন পাওয়া কর্মীদেরই একমাত্র এই কাজে নিযুক্ত করা যেতে পারে। সেই জন্যই এই পরিকল্পনা। অনুমান করা হচ্ছে, প্রয়োজনীয় মোট কর্মীর প্রায় এক চতুর্থাংশই আসতে পারে এই শ্রেণি থেকে।

-------------------

ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের প্রায় সর্বত্র আগামী ২৪ ঘন্টায় বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে কমলা সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

------------------- -------------------